

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮০০.১৫- ৪৭৬

তারিখঃ ৩০ নভেম্বর, ২০২৫


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র পলাতক মাঠ সংগঠক জনাব রুবেল আহম্মেদ বাগেরহাট জেলার চিতলমারি উপজেলায় তার দায়িত্বাধীন ২০টি সমিতি হতে ঋণ বাবদ আদায়কৃত ৫৪,৩৭,৭০০ (চুয়ান্ন লক্ষ সাইত্রিশ হাজার সাতশত) টাকা এবং সঞ্চয় বাবদ ২৬৭২৯ (ছাব্বিশ হাজার সাতশত উনত্রিশ) টাকাসহ সর্বমোট ৫৪,৬৪,৪২৯/- (চুয়ান্ন লক্ষ চৌষট্টি হাজার চারশত উনত্রিশ) টাকা উত্তোলন করে যথা নিয়মে ব্যাংকে জমা না করে আত্মসাত করার বিষয়টি প্রমাণিত। এছাড়া উপজেলা পরিষদে তার বিপরীতে বরাদ্দকৃত সরকারি বাসার ২০ মাসের ভাড়া বাবদ ৯৭,১০০.০০ (সাতানব্বই হাজার একশত) টাকা অপরিশোধিত থাকার বিষয়টি প্রমাণিত;

যেহেতু, জনাব রুবেল আহম্মেদ, মাঠ সংগঠক (পলাতক) বিগত ৩০/০১/২০২৫ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক স্মারক নং ৪৭.৬২.০১.১৪.২১৬.১৬.০০০.২৪ তারিখ: ১৯/০২/২৫ ও স্মারক নং ৪৭.৬২.০১.১৪.২১৬.১৬.০০০.৩৬ তারিখ: ০৫/০৩/২৫ মূলে ব্যাখ্যা তলব করা হলেও তিনি জবাব প্রদান করেননি। এছাড়া সদর দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮০০.১৫-১৪২ তারিখ: ০৭ এপ্রিল, ২০২৫ মূলে আত্মপক্ষ সমর্থনের সুযোগ হিসেবে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা সত্ত্বেও তিনি জবাব প্রদান করেননি। সে প্রেক্ষিতে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুযায়ী ৬০দিন বা তদূর্ধ্ব সময় বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তিনি চাকুরী হতে পলায়ন করেছেন মর্মে প্রতীয়মান হয়; এবং

যেহেতু, জনাব রুবেল আহম্মেদ, মাঠ সংগঠক (পলাতক) কর্তৃক আত্মসাতকৃত অর্থ ফেরত প্রদানের জন্য ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারাবদ্ধ অভিভাবকের নিকট স্থানীয় এবং সদর দপ্তর হতে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবদি আত্মসাতকৃত অর্থ জমা প্রদান করা হয়নি;

সেহেতু, জনাব রুবেল আহম্মেদ, মাঠ সংগঠক (পলাতক) আত্মপক্ষ সমর্থনের সুযোগ হিসেবে প্রেরিত চূড়ান্ত কারন দর্শানো নোটিশের জবাবসহ আত্মসাতকৃত অর্থ জমা প্রদান না করায় একতরফাভাবে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) এর অনুষ্টেদ ২৪(গ), (ঘ), (ঙ), (জ) ও (ঝ) অনুযায়ী জনাব মো: রুবেল আহম্মেদ কে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা, অসদাচারণ, পলায়ন, অর্থ আত্মসাত ও আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করার দায়ে দোষী স্বাভাস্ত করে অনুষ্টেদ ২৫ (খ)(ই) অনুযায়ী কর্তৃপক্ষের অননুমোদনক্রমে চাকুরী হতে বরখাস্ত করা হলো। উল্লেখ্য, ইতোপূর্বে জনাব রুবেল আহম্মেদ এর বিরুদ্ধে রুজুকৃত মামলা যথানিয়মে পরিচালিত হবে।


মোহাম্মদ রাশিদুল আলম
কর্মসূচি পরিচালক

সদয় জ্ঞাতার্থে

১. উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, চিতলমারি, বাগেরহাট।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, চিতলমারি, বাগেরহাট।
৫. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. জনাব মো: রুবেল আহম্মেদ, মাঠ সংগঠক, চিতলমারি, বাগেরহাট (পলাতক)।
(স্থায়ী ঠিকানা: পিতা: মো: আব্দুর রশিদ মোল্লা, গ্রাম: মাছিয়াকান্দি, ডাকঘর: চরবেড়া, উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।)
৭. অফিস নথি।